



কুমিল্লা-৪ আসনে এনসিপির মনোনয়ন ফরম নিলেন হাসনাত আবদুল্লাহ



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে কুমিল্লা-৪ (দেবীদ্বার) আসনে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে প্রার্থী হতে মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন দলটির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সদস্য হাসনাত আবদুল্লাহ।

বৃহস্পতিবার (১৩ নভেম্বর) সন্ধ্যায় রাজধানীর বাংলামোটরে অবস্থিত এনসিপির অস্থায়ী প্রধান কার্যালয় থেকে আনুষ্ঠানিকভাবে মনোনয়ন ফরম সংগ্রহ করেন তিনি। এ সময় দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দ, স্থানীয় কর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন। ফরম সংগ্রহের পর হাসনাত আবদুল্লাহ বলেন, জনগণের আস্থা ও উন্নয়নের প্রতিশ্রুতি নিয়েই তিনি নির্বাচনে অংশ নিতে চান।

কুমিল্লা-৪ আসন জাতীয় সংসদের ২৫২ নম্বর আসন, যা দেবীদ্বার উপজেলা নিয়ে গঠিত। এই আসনটি রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হয়। বর্তমানে এখানে বিএনপি থেকে প্রাথমিক মনোনয়ন পেয়েছেন মঞ্জুরুল আহসান মুন্সী, আর বাংলাদেশ জামায়াতে ইসলামীর সম্ভাব্য প্রার্থী হিসেবে নাম উঠে এসেছে সাইফুল ইসলাম শহীদে।

LENS ASIA